



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

তারিখ : /০৯/২০১৯ খ্রি.

ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ ২০১৯ (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড/মানউন্নয়ন) ফরম পূরণের বিজ্ঞপ্তি :

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ২০১৯ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট ও গ্রেড/মানউন্নয়ন পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের পরীক্ষার ফিস ধার্যকৃত টাকা কলেজ ক্যাশ কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে পূরণ পূর্বক ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েব সাইট (www.nubd.info/degree-pass) থেকে ফরম ডাউনলোড করে টাকা জমার রশিদসহ উক্ত ফরম কমিটির নিকট জমার জন্য নির্দেশ দেওয়া হলো।

* ফরম পূরণের তারিখ আগামী ২৬/০৯/২০১৯ খ্রি. তারিখ থেকে ০৩/১০/২০১৯ খ্রি. তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত চলবে।

ক্রমিক নং	বিবরণী	নিয়মিত	অনিয়মিত	প্রাইভেট	সার্টিফিকেট কোর্স	গ্রেড/মানউন্নয়ন
		বিএ, বিএসএস, বিবিএস ও বিএসসি	বিএ, বিএসএস, বিবিএস, বিএসসি	বিএ, বিএসএস, বিবিএস	১ পত্রের জন্য নির্ধারিত	
০১	পরীক্ষা ফি	৭০০/-	৭০০/-	৭০০/-	২০০/-	১০০/-
০২	ইনকোর্স (জাতীয়)	১০০/-	১০০/-	১০০/-	১০০/-	মানউন্নয়ন ফি ৩০০/-
০৩	কেন্দ্র ফি	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-	৪৫০/-
০৪	ব্যবস্থাপনা	৫০/-	৫০/-	৫০/-	৫০/-	৫০/-
সর্বমোট =		১৩০০/-	১৩০০/-	১৩০০/-	৮০০/-	৯০০/-

বি: দ্র: একপত্র নির্ধারিত ফিসের সাথে অতিরিক্ত প্রতি পত্রের জন্য ১০০/- টাকা করে যোগ করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ পরীক্ষা (৭০০ নম্বর) :

- ২০১৮-১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী ও ২০১৯ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে F গ্রেড পেয়ে ২য় বর্ষে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted- C) হয়েছে তাদের অনুপস্থিত কোর্সে এ পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যতামূলক।
- উপরোক্ত শিক্ষার্থীদেরকে ১ম বর্ষে "স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস" আবশ্যিকসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ১ম বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাধ্যনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ১ম বর্ষ মানোন্নয়ন পরীক্ষা :

- ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ও ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের রেজিস্ট্রেশনকৃত প্রাইভেট শিক্ষার্থী যারা ২০১৮ সালের ১ম বর্ষের পরীক্ষায় প্রথম বারের মত অংশগ্রহণ করে যে সমস্ত কোর্সে C ও D গ্রেড পেয়েছে তারা C ও D গ্রেড পাওয়া সর্বোচ্চ দু'টি কোর্সে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পূর্বে F গ্রেড প্রাপ্ত পত্রে C বা D গ্রেডে উন্নীত হলে ঐ পত্রে মানোন্নয়ন পরীক্ষার কোন সুযোগ নাই।

গ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) :

- ২০১৯ সালের সার্টিফিকেট কোর্স-এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীরা এ পরীক্ষায় ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ২০১৭ ও ২০১৮ সালের সার্টিফিকেট কোর্সের শিক্ষার্থী যারা ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে তারা ১ম বর্ষের নির্ধারিত ১ম ও ২য় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ

প্রফেসর জেরিনা সুল গাজীপুর।

(আইডি নম্বর-১৩৩৯)

অধ্যক্ষ

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।